



SAHEED KSHUDIRAM COLLEGE

KAMAKHYAGURI :: ALIPURDUAR :: PIN- 736202

NACC ACCREDITED GRADE – 'B'

(Affiliated to the University of North Bengal) 2(f) & 12(B) recognized U.G.C.,
E-mail Id. - saheedkshudiramcollege@gmail.com, Website : www.skcollege.org.

Ref. No.

Date- 17/12/2021



NOTICE

এতদ্বারা শহীদ ক্ষুদিরাম কলেজের সকল ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, “পশ্চিমবঙ্গ স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প”-এর উপর সচেতনতা মূলক শিবির কলেজের সেমিনার কক্ষে নিম্নলিখিত সূচী অনুসারে অনুষ্ঠিত হবে। এই প্রকল্পে আগ্রহী ছাত্র-ছাত্রীদের উক্ত শিবিরে উপস্থিত থাকার জন্য আহ্বান করা হচ্ছে।

| Date | Time | Venue |
|--------------------------------|-------------------|--------------|
| 20 th December 2021 | 1.30 pm – 2.30 pm | Seminar Hall |
| 27 th December 2021 | 1.30 pm – 2.30 pm | Seminar Hall |
| 4 th January 2022 | 1.30 pm – 2.30 pm | Seminar Hall |
| 11 th January 2022 | 1.30 pm – 2.30 pm | Seminar Hall |
| 18 th January 2022 | 1.30 pm – 2.30 pm | Seminar Hall |
| 25 th January 2022 | 1.30 pm – 2.30 pm | Seminar Hall |
| 1 st February 2022 | 1.30 pm – 2.30 pm | Seminar Hall |
| 8 th February 2022 | 1.30 pm – 2.30 pm | Seminar Hall |

Asst.
Teacher-in-charge

Saheed Kshudiram College
Kamakhyaguri, Alipurduar

Teacher-in-Charge
Saheed Kshudiram College
P.O. Kamakhyaguri, Dt. Alipurduar



পশ্চিমবঙ্গ স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প উচ্চশিক্ষা দপ্তর

প্রকল্পটি কী:

পশ্চিমবঙ্গবাসী শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের স্বার্থে, তাঁদের শিক্ষাক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে স্বল্প সুদ অথচ দীর্ঘমেয়াদে পরিশোধযোগ্য সর্বোচ্চ ১০ লাখ টাকা পর্যন্ত শিক্ষাঋণ প্রদান।

কারা এই সুবিধা পাবে:

- ১। ভারতের নাগরিক এবং অন্ততপক্ষে ১০ বছর পশ্চিমবঙ্গে বসবাসকারী পরিবারভুক্ত শিক্ষার্থী।
 - ২। আবেদন করার সময় শিক্ষার্থীর বয়স অনধিক ৪০ বছর হতে হবে।
 - ৩। পশ্চিমবঙ্গ সরকারের স্বীকৃত বোর্ড/সংসদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সরকারি/বেসরকারি বিদ্যালয়/মাদ্রাসায় দশম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পাঠরত শিক্ষার্থী।
 - ৪। দেশ/বিদেশের যে কোনও স্বীকৃত কলেজ/বিশ্ববিদ্যালয়/উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা কোর্স সহ স্নাতক/স্নাতকোত্তর/পেশাগত/ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্সে পাঠরত শিক্ষার্থী।
 - ৫। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য কোচিং ইনস্টিটিউশনে প্রশিক্ষণরত শিক্ষার্থী।
- সব ক্ষেত্রেই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনকারীকে সহ-ঋণগ্রহীতাকে সাথে করে ক্যাম্পে আসার জন্য অনুরোধ করা হচ্ছে।

কী কী নথি/তথ্য প্রয়োজন:

- ১। আবেদনকারীর আধার কার্ডের জেরক্স কপি/মাধ্যমিকের রেজিস্ট্রেশন নথির জেরক্স কপি।
- ২। আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ই-মেল আই ডি।
- ৩। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার (মা/বাবা/আইনি অভিভাবক) রঙিন ছবি।
- ৪। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার প্যান কার্ডের জেরক্স কপি। প্যান কার্ড না থাকলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকারপত্র।
- ৫। অভিভাবকের ঠিকানার প্রমাণপত্রের জেরক্স কপি ও মোবাইল ফোন নম্বর।
- ৬। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার ব্যাঙ্কের তথ্য: ব্যাঙ্কের নাম ও শাখা, অ্যাকাউন্ট নম্বর, আই এফ এস কোড ইত্যাদি সম্বলিত ঐ ব্যাঙ্কের পাশবইয়ের প্রথম পাতার জেরক্স কপি।
- ৭। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার নমুনা স্বাক্ষর।
- ৮। শিক্ষা প্রতিষ্ঠানের কোর্স ফি সম্বলিত নথির জেরক্স কপি।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র/নথির জেরক্স কপি।

বিশদে জানতে ও আবেদন করার জন্য:

www.wb.gov.in দেখুন বা <https://banglaruchchashiksha.wb.gov.in>-এর STUDENT CREDIT CARD ট্যাবে ক্লিক করুন বা <https://wbccc.wb.gov.in> দেখুন।

টোল ফ্রি নম্বর : ১৮০০১০২৮০১৪ অথবা

ই-মেল করুন support-wbccc@bangla.gov.in বা contactwbccc@gmail.com -এ।

পশ্চিমবঙ্গ সরকার